ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৫১৮
আগরতলা, ২৫ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'সফেদে আচমকা সক্রিয়তা' এই শিরোনামে গত ২১ আগস্ট, ২০২৫ তারিখে প্রতিবাদী কলাম পত্রিকায় প্রকাশিত সংবাদ জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই প্রসঙ্গে জানানো হয়েছে যে, রাজ্য সরকারের সিদ্ধান্ত মোতাবেক এনএইচএম, ত্রিপুরার অধীনে সমস্ত নন-মেডিক্যাল অফিসার পদের যোগ্য প্রার্থীদের বাছাইয়ের দায়িত্ব সম্পূর্ণভাবে সফেদ, আগরতলার উপর ন্যস্ত করা হয়েছে। বাছাই প্রক্রিয়ায় ১০০ শতাংশ লিখিত পরীক্ষার মাধ্যমে মেধা তালিকার ভিত্তিতে সম্পন্ন হবে এবং প্রক্রিয়াটি বর্তমানে চলছে।

সম্প্রতি, অনলাইন আবেদন যাচাই করার প্রয়োজনীয়তা উপলব্ধি করে সফেদ-এর পক্ষ থেকে ১৪/০৮/২০২৫ তারিখে জাতীয় স্বাস্থ্য মিশনের ৩ জন কর্মীকে নিয়োগের একটি প্রস্তাব গৃহীত হয়েছে। সেই অনুযায়ী কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক ৩ জন কর্মীকে ১৫ দিনের জন্য সংশ্লিষ্ট কাজ শেষ না হওয়া পর্যন্ত সফেদ- এর কার্যালয়ে নিয়োজিত করা হয়েছে। এই প্রক্রিয়াটি স্বচ্ছ এবং নিরপক্ষভাবে পরিচালিত হচ্ছে। অতএব, সংবাদপত্রে উত্থাপিত নিয়োগ প্রক্রিয়ায় জাতীয় স্বাস্থ্য মিশনের কর্মীদের কোনো রকম প্রভাব রয়েছে এই অভিযোগ সম্পূর্ণরূপে ভিত্তিহীন।

********